রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৬, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ / ২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০২.২৬.৪৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **বাংলাদেশ পরিকল্পনা কমিশন** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিশনের গঠন :**

| | | | |
|---|---|---|---|
| (১) | প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | : | সভাপতি |
| (২) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয় | : | বিকল্প সভাপতি |
| (৩) | প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪-৯) | পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ | : | সদস্য |
| (১০) | সচিব, পরিকল্পনা বিভাগ | : | সদস্য-সচিব। |

১.২। **কমিশনের কার্যপরিধি :**

(১) রুলস অব বিজনেস, ১৯৯৬-এর সিডিউল-১ এ বর্ণিত পরিকল্পনা মন্ত্রণালয়ের অন্তর্গত বাংলাদেশ পরিকল্পনা কমিশনের জন্য নির্ধারিত কার্যাবলি;

(২) সভাপতি, বাংলাদেশ পরিকল্পনা কমিশন-এর সভাপতিত্বে অনুষ্ঠেয় সভায় নিম্নলিখিত কার্যাবলিও সম্পন্ন হবে :

(ক) দেশের সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি পর্যালোচনা;

(খ) জাতীয় অর্থনৈতিক পরিষদ কর্তৃক অনুমোদনের লক্ষ্যে উপস্থাপনের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির (আরএডিপি) খসড়া চূড়ান্তকরণ;

(গ) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা বাস্তবায়ন পর্যালোচনা ও হালনাগাদকরণের নির্দেশনা প্রদান;

(ঘ) জাতীয় পরিকল্পনা বাস্তবায়নের সাথে সম্পৃক্ত গুরুত্বপূর্ণ বিষয়াবলি পর্যালোচনা; এবং

(ঙ) জাতীয় পরিকল্পনার গুরুত্বপূর্ণ কৌশলগত বিষয়াবলি সম্পর্কে আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্য দূরীকরণ।

১.৩। প্রয়োজনে, বিকল্প সভাপতির সভাপতিত্বে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভা করা যাবে এবং নিম্নলিখিত কর্মকর্তাগণকে উক্ত সভায় যোগদানের জন্য আমন্ত্রণ জানানো হবে:

(১) এক্সিকিউটিভ চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা);

(২) প্রধান নির্বাহী কর্মকর্তা, পাবলিক প্রাইভেট পার্টনারশিপ অথরিটি;

(৩) মন্ত্রিপরিষদ সচিব;

(৪) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;

(৫) সচিব, অর্থ বিভাগ;

(৬) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ;

(৭) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ;

(৮) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ; এবং

(৯) গুরুত্বপূর্ণ আন্তঃমন্ত্রণালয় ইস্যুতে মতপার্থক্য দেখা দিলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধি/প্রতিনিধিগণ।

এ কমিশনে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.৪। কমিশনের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। প্রয়োজনবোধে কমিশন নতুন সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারবে।

১.৬। পরিকল্পনা বিভাগ কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৭। পরিকল্পনা কমিশনের বর্ধিত সভা খসড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও খসড়া সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি অনুমোদনের লক্ষ্যে জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য সুপারিশ করবে।

১.৮। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ অক্টোবর ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৬.২৪.১৮৫ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ হুমায়ুন কবির
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd